



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/৮২২৬

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

দাউদখালী ফাজিল মাদরাসা, ডাকঘর: দেবত্র, উপজেলা: মঠবাড়ীয়া, জেলা: পিরোজপুর-এর ফাজিল (স্নাতক) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় অনুসৃত অর্ডিন্যান্সের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) স্তর নিম্নবর্ণিত শর্তে ২৮.০৪.২০১৯ খ্রি. থেকে ২৭.০৪.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

- ১। মাদরাসার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং শিক্ষার্থীদের লেখাপড়ার উপযোগী পরিবেশ নিশ্চিত করতে হবে।
- ২। প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৩। প্রতিষ্ঠানে কোন গাইড/নোটবই রাখা যাবে না, শিক্ষকদের শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৪। লাইব্রেরিতে মৌলিক বই এর সংখ্যা বৃদ্ধি এবং শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য বই পড়ার সুযোগ থাকতে হবে।
- ৫। চিঠিপত্র বিতরণে ফাইল নথিতে অনুমোদন থাকতে হবে।
- ৬। মাদরাসার আয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৭। ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডির সভায় মাদরাসার আয়-ব্যয় অনুমোদন নিতে হবে।
- ৮। মাদরাসার সাইনবোর্ডে বাংলা নামের সাথে আরবি নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” লেখাটি যুক্ত করতে হবে।
- ৯। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য নির্ধারিত ফরমে মাদরাসা পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

 25.02.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

দাউদখালী ফাজিল মাদরাসা


ডাকঘর: দেবত্র, উপজেলা: মঠবাড়ীয়া, জেলা: পিরোজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/৮২২৬

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ৮ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, দাউদখালী ফাজিল মাদরাসা, ডাকঘর: দেবত্র, উপজেলা: মঠবাড়ীয়া, জেলা: পিরোজপুর।
- ৭। অফিস নথি।

 25.02.2020

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং- বরিশাল-৭৬